# ফ্রাঙ্কফুর্ট আন্তর্জাতিক বইমেলায় বাংলাদেশ

- A Monitor Desk Report | Date: 16 October, 2025




**ঢাকাঃ জার্মানির ফ্রাঙ্কফুর্ট শহরে শুরু হয়েছে ৫ দিনব্যাপী আন্তর্জাতিক বইমেলা। স্থানীয় সময় মঙ্গলবার (১৪ অক্টোবর) বসেছে বইমেলার ৭৭তম আসর।**

বুধবার (১৫ অক্টোবর) থেকে খুলে দেয়া হয়েছে মেলা প্রাঙ্গণ, চলবে ১৯ অক্টোবর পর্যন্ত।

বইমেলায় বাংলাদেশ প্যাভিলিয়ন উদ্বোধন করেছেন জার্মানিতে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোহাম্মদ জুলকারনাইন।

অতিথি হিসেবে ছিলেন সংস্কৃতি উপদেষ্টার পরামর্শদাতা অধ্যাপক ফয়জুল লতিফ চৌধুরী এবং জাতীয় গ্রন্থকেন্দ্রের পরিচালক আফসানা বেগম।

এ সময় আরো উপস্থিত ছিলেন যুক্তরাষ্ট্রের পুরস্কারপ্রাপ্ত বক্তা ও লেখক ড. রবিন গ্যাদারস, ইউক্রেনের লেখক মারিয়া মানকো এবং যুক্তরাজ্য, চীন ও যুক্তরাষ্ট্রের প্রকাশকরা।

উদ্বোধনী অনুষ্ঠানের পর মার্কিন প্রকাশনা সংস্থা মারিয়াম ওয়েবস্টার, চীনা প্রকাশনা সংস্থা বেইজিং লেশাংহুয়াক্সিংসহ বিভিন্ন আন্তর্জাতিক সংস্কৃতি উন্নয়ন সংস্থার সঙ্গে তাদের প্রকাশিত বইয়ের বাংলা অনুবাদ এবং সেসব বই বাংলাদেশে বিতরণ বিষয়ে আলোচনা হয়। বিদেশী প্রতিষ্ঠানগুলো তাদের বই বাংলাদেশে মুদ্রণের আশা প্রকাশ করে।

ফ্রাঙ্কফুর্ট এবারের মেলায় শতাধিক দেশের প্রকাশক ও গণমাধ্যমবিষয়ক ব্যবসায়ীরা উপস্থিত থাকবেন। মেলায় এবারের অতিথি দেশ ফিলিপাইন। দেশটি বইমেলায় তাদের সাহিত্য ও সংস্কৃতি উপস্থাপন করবে।

বিশ্বের সাহিত্য ও সংস্কৃতিকে এগিয়ে নিতে ১৯৪৯ সালে প্রথম এ মেলার আয়োজন করা হয়। ফ্রাঙ্কফুর্ট বইমেলা মূলত বইশিল্প, প্রযুক্তি খাত,

চলচ্চিত্র ও গেমসের মতো সংশ্লিষ্ট সৃজনশীল শিল্পের বিভিন্ন উদ্যোক্তাদের একটি আন্তর্জাতিক বাণিজ্য প্লাটফর্ম হিসেবে কাজ করে।

-B